



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

কালিহাতি, টাঙ্গাইল।

www.youth.kalihati.tangail.gov.bd

স্মারক নং-৩৪.০১.৯৩৪৭.০০০.০৪১.২০২০- ১৭০

তারিখ : ১১/১০/২০২০খ্রিঃ

কম্পিউটার প্রশিক্ষণের ভর্তি বিজ্ঞপ্তি

বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাদীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় কালিহাতি উপজেলায় (উপজেলা পরিষদ প্রাঙ্গণে) আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে একমাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ শুরু হতে যাচ্ছে। উপজেলার ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের মধ্যে কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে নিম্নেবর্ণিত সময়সূচী মোতাবেক নির্ধারিত ফরমে লিখিত আবেদন বা দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (সর্বনিম্ন)	দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময়
কম্পিউটার প্রশিক্ষণ	০১ (এক) মাস (০১ নভেম্বর ২০২০ খ্রিঃ থেকে ৩০ নভেম্বর ২০২০ খ্রিঃ পর্যন্ত)	৬০ জন	যুবক: এইচএসসি পাস যুব মহিলা: এসএসসি পাস	২০/১০/২০২০খ্রিঃ (অফিস চলাকালীন সময়ে)	২১/১০/২০২০খ্রিঃ সকাল-১১টা

শর্তাবলী :

- ০১। আগ্রহী প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বৎসর এবং প্রকৃত বেকার হতে হবে।
- ০২। যুবকের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইচএসসি ও যুব মহিলার ক্ষেত্রে এসএসসি পাস হতে হবে।
- ০৩। যুব সংগঠন কর্তৃক মনোনিত প্রার্থীদের প্রশিক্ষণে অগ্রাধিকার দেওয়া হবে। তবে এ ক্ষেত্রে যুব সংগঠনের প্যাডে সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত প্রত্যয়ন জমা দিতে হবে।
- ০৪। আবেদনপত্র www.youth.kalihati.tangail.gov.bd অথবা [facebook.com.uydoofficekalihati](https://www.facebook.com/uydoofficekalihati) থেকে ডাউনলোড এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, কালিহাতি হতে বিনামূল্যে পাওয়া যাবে।
- ০৫। স্বহস্তে লিখিত দরখাস্তে নাম (বাংলা ও ইংরেজি), পিতার নাম (বাংলা ও ইংরেজি), মাতার নাম (বাংলা ও ইংরেজি), জন্মতারিখ, বিজ্ঞপ্তির তারিখে প্রকৃত বয়স, জাতীয় পরিচয় পত্র বা জন্ম সনদপত্র, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, মোবাইল নম্বর, রক্তের গ্রুপ প্রভৃতি উল্লেখ থাকতে হবে।
- ০৬। আবেদনপত্রের সঙ্গে ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি খ) জাতীয় পরিচয় পত্র বা জন্ম সনদের সত্যায়িত কপি গ) মেয়র বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব ও প্রকৃত বেকারের সনদপত্র ঘ) পাসপোর্ট সাইজের দুটি সত্যায়িত ছবিসহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল এর নিকট উল্লেখিত তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।
- ০৭। প্রশিক্ষণার্থীদের অবশ্যই সকল নিয়ম-শৃঙ্খলা, স্বাস্থ্যবিধি মেনে ও মাস্ক পরিধান করে প্রশিক্ষণে অংশ নিতে হবে।
- ০৮। আগামী ২১/১০/২০২০খ্রিঃ তারিখ সকাল ১১টায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল-এ সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় আবেদনের সঙ্গে দাখিলকৃত সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে এবং অবশ্যই মাস্ক পরিধান করে আসতে হবে।
- ০৯। ভর্তির ব্যাপারে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ আব্দুল হালেক)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

কালিহাতি, টাঙ্গাইল।

ফোন: ০৯২২৭-৭৪৬১৩

ই-মেইল : kalihati@dyd.gov.bd

